ইত্তেফাক

তারিখ ... 17.11.079 ...
পৃষ্ঠা ... 3 কলাম 2 ...

653

# প্রাথমিক শিক্ষক নিয়োগে মহকুমা প্যানেল কমিটি

এক তথ্যবিবরণীতে বলা হয় যে, প্রাথমিক শিক্ষক নিয়োগের প্রচলিত নিয়ম পদ্ধতি এবং সমস্যাবলীর বিভিন্ন দিক পর্যালোচনা করিয়া মহকুমা প্যানেল কমিটির মাধ্যমে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিযুক্তির জন্য প্রার্থী বাছাই করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।

মহকুমা সদরের সরকারী কলেজের অধ্যক্ষকে চেয়ারম্যান এবং মহকুমার সকল জাতীয় সংসদ সদস্য, মহকুমা সদরে অবস্থিত সরকারী উচ্চ বালক ও বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও শিক্ষয়িত্রী, মহকুমাধীন সরকারী প্রাথমিক প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক ও মহকুমা সদর থানার জন্য শিক্ষা অফিসারকে সদস্য এবং মহকুমা শিক্ষা অফিসারকে সদস্য সচিব করিয়া এই প্যানেল কমিটি গঠন করা হইবে।